বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩-১৬৬ বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972)-এর Article 91A এ প্রদত্ত ক্ষমতাবলে, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে-১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২৩.৫৪ নং স্মারকমূলে জারিকৃত পত্রের পরিপ্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচনি অপরাধ, নির্বাচনি আচরণ বিধি, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি বা পরিচালনায় বাধাগ্রস্ত বা ব্যাহত করে এমন 'নির্বাচন-পূর্ব অনিয়ম' সংক্রান্ত বিষয়সমূহ অনুসন্ধানপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন দাখিলের লক্ষ্যে নিম্ন ছকের ১নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ২নং কলামে বর্ণিত অধিক্ষেত্রে দায়িত্বপালনের উদ্দেশ্যে ৩নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে ১(এক) **নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)** গঠন করলো:

**"ছক"**

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার অধিক্ষেত্র | বিচার বিভাগীয় কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪৭. নওগাঁ-২ | (ক) পত্মীতলা উপজেলা এবং<br>(খ) ধামইরহাট উপজেলা | জনাব মোঃ তাজুল ইসলাম মিঞা<br>যুগ্ম জেলা ও দায়রা জজ, নওগাঁ |

২। দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত নির্বাচন কমিশনে ন্যস্ত থাকবেন এবং অত্র প্রজ্ঞাপন জারির তারিখ হতে উক্ত কর্মকর্তা নিজ দপ্তর হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত মর্মে গণ্য হবে।

৩। উল্লিখিত নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৪। অত্র প্রজ্ঞাপন জারির তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের সময় পর্যন্ত নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় উপস্থিত থেকে সার্বক্ষণিক নির্বাচনি দায়িত্ব পালন করবেন মর্মে নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান কমিটি কর্তৃক দায়িত্ব পালনকালে উপরিউক্ত নির্বাচন-পূর্ব অনিয়ম সংঘটিত হলে তা অনুসন্ধান পূর্বক তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশনকে অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার উক্ত অনুসন্ধান প্রতিবেদন সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন এবং অতিসত্বর উক্ত প্রতিবেদন পিডিএফ ফরমেটে অত্র সচিবালয়ের আইন অনুবিভাগের উপসচিব (লিগ্যাল এফিয়ার্স) (ds_law) ও সিনিয়র/সহকারী সচিব (আইন বিষয়ক-১) (sas_la1) এর ইন্টারনাল একাউন্টে প্রেরণ করবেন।

৬। উক্ত নির্বাচনি অনুসন্ধান কমিটি কর্তৃক দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। বর্ণিত কমিটির কর্মকর্তাগণের চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী বা মাইক্রোবাস বা স্পীডবোট এবং ক্ষেত্রমত প্রয়োজনীয় যানবাহন সরবরাহের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। উক্ত নির্বাচনি দায়িত্ব পালনকালে নিরাপত্তার স্বার্থে অনুসন্ধান কমিটির কর্মকর্তার সহিত পুলিশ বাহিনীর ০২(দুই) জন অস্ত্রধারী সদস্যকে নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯। নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নির্বাচন কমিশনের আদেশক্রমে

08.02.2024

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_la@ecs.gov.bd

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩- ১৬৩ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ, নওগাঁ
৪. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ
১১. জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, নির্বাচনী এলাকা ৪৭ নওগাঁ-২
১২. জনাব মোঃ তাজুল ইসলাম মিঞা, যুগ্ম জেলা ও দায়রা জজ, নওগাঁ
১৩. পুলিশ সুপার, নওগাঁ
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
১৫. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. জেলা নির্বাচন অফিসার, নওগাঁ (**বর্ণিত নির্বাচনি অনুসন্ধান কমিটির সদস্যগণসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ**)
১৭. সহকারী রিটার্নিং অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ
১৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) তেজঁগাও, ঢাকা [**অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ১০ (দশ) কপি সরকারি কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশনে প্রেরণ করার অনুরোধসহ**]
১৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ
২০. উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ
২১. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ
২৬. অফিসার ইনচার্জ, পত্নীতলা থানা/ধামইরহাট থানা, নওগাঁ
২৭. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

04.02.2024
(মোঃ আল-আমীন)
সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭